তারিখ : 18 SEP 2015
পৃষ্ঠা : ৩ কলাম : ৪

যুগান্তর

মেডিকেলে ভর্তি পরীক্ষা আজ

# প্রতি আসনের বিপরীতে পরীক্ষার্থী ২২

যুগান্তর রিপোর্ট

২০১৫-১৬ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হতে যাচ্ছে। রাজধানীসহ সারা দেশের ২৩টি কেন্দ্রের ৪৪টি ভেন্যুতে স্বচ্ছতা ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে ইতিমধ্যে সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। চলতি বছর ভর্তি পরীক্ষায় রেকর্ডসংখ্যক ৮৪ হাজার ৭৮৪ জন শিক্ষার্থী অংশ নিচ্ছেন। এবার প্রতিটি আসনের বিপরীতে ২২ দশমিক ৬৪ শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছেন বলে জানা গেছে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সূত্র জানায়, সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে এমবিবিএস ও বিডিএস কোর্সের এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট ১০০

**পরীক্ষার্থী : পৃষ্ঠা ৭ : কলাম ৪**

## পরীক্ষার্থী : বিপরীতে

(৩য় পৃষ্ঠার পর)

নম্বরের এ পরীক্ষায়, পদার্থবিদ্যায় ২০, রসায়নবিদ্যায় ২৫, জীববিদ্যা ৩০, ইংরেজি ১৫ ও সাধারণ জ্ঞানে ১০ নম্বরের প্রশ্ন থাকবে। সূত্র জানায়, রাজধানীতে নতুন অনুমোদনপ্রাপ্ত মুগদা মেডিকেল কলেজের ৫০টি আসনসহ মোট ৩০টি সরকারি মেডিকেল কলেজে মোট আসনসংখ্যা ৩ হাজার ২১২টি এবং বেসরকারি ৬৫টি মেডিকেল কলেজে মোট আসনসংখ্যা ৬ হাজার। এছাড়া সরকারি ৯টি ডেন্টাল কলেজে আসন রয়েছে ৫৩২টি এবং ২৪টি বেসরকারি ডেন্টাল কলেজে ১ হাজার ৩৫৫টি। স্বাস্থ্য অধিদফতরের তথ্য মতে, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের প্রায় পাঁচ হাজার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী পরীক্ষার দিন বিভিন্ন কেন্দ্রে দায়িত্ব পালন করবেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম আজ সকাল পৌনে ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন বলে জানিয়েছেন। ইতিমধ্যে কঠোর গোপনীয়তা ও নজরদারির মধ্যে প্রশ্নপত্র প্রণয়ন, ছাপা এবং বিভিন্ন কেন্দ্রে পৌঁছে দেয়া হয়েছে। সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানান, অন্যান্য পাবলিক পরীক্ষার মতো এমবিবিএস ও বিডিএস পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হতে পারে এমন চিন্তা থেকে এবার একাধিক সেট প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান যুগান্তরকে বলেন, এমবিবিএস ও বিডিএস পরীক্ষার সব প্রকার আনুষ্ঠানিকতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। পরীক্ষার সামগ্রিক নিরাপত্তা নিশ্চিতের জন্য পুলিশ, গোয়েন্দা বাহিনীসহ সংশ্লিষ্ট সংস্থাকে অবহিত করা হয়েছে। পরীক্ষায় যে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে স্বাস্থ্য অধিদফতরে এবারই প্রথম কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। স্থাপিত কন্ট্রোল রুমে যোগাযোগের টেলিফোন নম্বরগুলো হল— ৮৮১৮৭৩৬, ৮৮১৯৩৫৩, ৮৮২৫৪০০, মুঠোফোন ০১৫৫৫৫৫৫১৬৭ ও ফ্যাক্স ৯৮৮৬৬১২।